




পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৮-১০)

৩৭/০৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd



শৃঙ্খলা ও আপিল বিভাগ

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(৬৩৮)/২০২৩-২৪(২০২৫-২৬)/ ১৫৫০

তারিখ: ০৫ ফেব্রুয়ারি, ২০২৬

পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর অধীন রুজুকৃত শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নম্বর: ১৭৭/২০২৩-২৪ এর

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ মঈন উদ্দিন (এম-৬৬৬), মাঠ সহকারী (সাময়িকভাবে বরখাস্ত), পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, হবিগঞ্জ (সংযুক্ত); ইতঃপূর্বে শান্তিগঞ্জ শাখা, সুনামগঞ্জ-এ মাঠ সহকারী হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও অর্থ আত্মসাৎমূলক অপরাধ সংঘটনের দায়ে শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নম্বর: ১৭৭/২০২৩-২৪ রুজুপূর্বক ২৭/০৫/২০২৪ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২২(৬৩৮)/২০২৩-২৪/২৫১৯ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়। আপনি অভিযোগনামার প্রেক্ষিতে জবাব দাখিল করেন এবং কর্তৃপক্ষ উক্ত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করে আপনি জনাব মোঃ মঈন উদ্দিন, আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২ (১) (খ) প্রবিধি মোতাবেক আপনাকে গুরুদস্ত প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেন এবং উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত বা বিকল্প কোন গুরুদস্ত প্রদান করা হবে না এ মর্মে ১০/০৩/২০২৫ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২২(৬৩৮)/২০২৩-২৪(২৪-২৫)/১৭৫৮ নম্বর স্মারকমূলে আপনার বিরুদ্ধে চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

০৪। যেহেতু আপনি উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করে আপনি জনাব মোঃ মঈন উদ্দিন, আপনাকে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও অর্থ আত্মসাৎমূলক অপরাধ সংঘটনের দায়ে দোষী সাব্যস্ত করত গুরুদস্ত তথা চাকরি হতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ মঈন উদ্দিন (এম-৬৬৬), কর্তৃপক্ষ আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২ (১) (খ) (উ) দফার বিধান অনুযায়ী চাকরি হতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে,

(এলিজা জামান সুপ্তি)
সহকারী মহাব্যবস্থাপক

জনাব মোঃ মঈন উদ্দিন (এম-৬৬৬)

মাঠ সহকারী (বরখাস্তকৃত)

পল্লী সঞ্চয় ব্যাংক

জেলা (আঞ্চলিক) কার্যালয়, হবিগঞ্জ (সংযুক্ত)।

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(৬৩৮)/২০২৩-২৪(২০২৫-২৬)/ ১৫৫০

তারিখ: ০৫ ফেব্রুয়ারি, ২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

০৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয় (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য)।

০৬। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ, সিলেট, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অভ্যন্তরীণ নিরীক্ষা ও পরিপালন বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৮। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, হবিগঞ্জ। কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ মঈন উদ্দিন, মাঠ সহকারী (বরখাস্তকৃত)-এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি zabin@pallisanchaybank.gov.bd ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হলো।

০৯। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ শাখা, সুনামগঞ্জ।

১০। সংশ্লিষ্ট নথি/ মহানথি।

(মোঃ মাসুদ হাসান)
সিনিয়র সিস্টিম প্যাল অফিসার